

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারকনং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.০৭১.১৫- ৮৬৮

তারিখ : ০৪.০৩.২০১৭ খ্রিঃ

বিষয় : আগামী ০৭-১১ মার্চ, ২০১৭ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এস এম ই ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত '৫ম জাতীয় এস এম ই মেলা-২০১৭' এ অংশগ্রহণ।

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এস এম ই) ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের আউটার পেভমেন্টে আগামী ০৭ হতে ১১ মার্চ, ২০১৭ ০৫ দিনব্যাপি '৫ম জাতীয় এস এম ই মেলা-২০১৭' অনুষ্ঠিত হবে। এস এম ই প্রতিষ্ঠান/উদ্যোক্তাদের জন্য আয়োজিত এ মেলায় উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের প্রচার-প্রসার, বিক্রয় এবং স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাজার সম্প্রসারণসহ উদ্যোক্তাদের মাঝে পারস্পরিক সেতুবন্ধন তৈরী, ভোক্তা ও সুধিমহলের মতামত ও পরামর্শ গ্রহণের ক্ষেত্রে সহায়ক হবে। উল্লেখ্য, যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত অনেক আত্মকর্মী ইতোমধ্যে সফল উদ্যোক্তা হিসেবে গড়ে উঠেছেন। এসব আত্মকর্মী উদ্যোক্তা এ মেলায় অংশগ্রহণের সুযোগ নিয়ে নিজেকে আরো সমৃদ্ধ করতে পারেন। আত্মকর্মী উদ্যোক্তারা এস এম ই ফাউন্ডেশনের fair.smef.org.bd ওয়েবসাইট থেকে মেলায় অংশগ্রহণের শর্তাদিসহ আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন।

০২। এমতাবস্থায়, তাঁর নিজ জেলার সফল উদ্যোক্তাদের নিকট বিষয়টি অবহিতপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ আখতার আলী সরকার)
পরিচালক(প্রশিক্ষণ)

ও
পরিচালক(বাস্তবায়ন)(অঃ দাঃ)

ফোন নং-০২-৯৫৬০৭৬১

E-mail:dydimyouth@gmail.com.

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর,------(সকল) জেলা।

অনুলিপি :

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, এস এম ই ফাউন্ডেশন, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।